গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | **জানুয়ারি ২০১৯ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ** |
| সভাপতি | : | মোঃ রফিকুল ইসলাম সেলিম<br>জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৮-০১-২০১৯ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | দুপুর- ১২.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ । |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

**আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ।**

আলোচনা : সভায় উপস্থাপিত ডিসেম্বর ২০১৮ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কি না জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভায় অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-২ : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের কর্মসূচি ব্যবস্থাপক সভায় জানান, সামাজিক স্বাস্থ্য কর্মসূচি (যক্ষা ও কুষ্ঠ) জেলার কুড়িগ্রাম সদর, ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, রাজারহাট, উলিপুর, চিলমারী, রৌমারী ও রাজিবপুর উপজেলায় বাস্তবায়িত হয়ে আসছে। এ সকল রোগ সম্পর্কে সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম পরিকল্পনামাফিক চলমান রয়েছে।

**আলোচ্যসূচি-৩ : জীবিকা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : জীবিকা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, জীবিকা, কুড়িগ্রাম চর জীবিকায়ন কর্মসূচি, ফুড সিকিউরিটি গর্ভানেন্স প্রজেক্ট, শিক্ষার গুনগত মান উন্নয়ন বিষয়ক ক্যাম্পেইন প্রকল্পের আওতায় কাজ করছে। চর জীবিকায়ন কর্মসূচি প্রকল্পের আওতায় ডিসেম্বর ২০১৮ মাসের নারী কৃষকদের মাসিক সভাসহ সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৪ : ইএসডিও, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, ইএসডিও কর্তৃক বাস্তবায়িত কর্মসূচি ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প, ২. স্বপ্ন ৩. ডব্লিউটিআরএফ, ৪. রক্ষ, ৫. মাইক্রোফিন্যান্স ৬. এমভিডব্লিউইউএস প্রকল্প এ জেলায় মাঠ পর্যায়ে বাস্তবায়ন চলমান রয়েছে। জানুয়ারি ২০১৯ মাসে বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় এ জেলায় উঠান বৈঠক ৪৩২টি, কাউন্সিলিং ৩৮১টি, ইউপি মাসিক সমন্বয় সভা ৪৭টি, ইউপি শৃঙ্খলা কমিটির সভা ৪৭টি, ৪২টি জায়গায় বিভিন্ন এনজিওর মাধ্যমে প্রচারণা সভা, ৭টি এনজিও সমন্বয় সভা, ৫টি উপজেলা শৃঙ্খলা কমিটির সভা, ইউনিয়ন পর্যায়ে ১২টি কমিউনিটি সভা অনুষ্ঠিত হয়েছে।

**আলোচ্যসূচি-৫ : মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৪টি প্রকল্প (১) ক্ষুদ্র ঋণ কার্যক্রম (২) স্যানিটেশন কার্যক্রম (৩) দারিদ্র বিমোচন কার্যক্রম ও (৪) শিক্ষা কার্যক্রম নাগেশ্বরী উপজেলায় বাস্তবায়ন করছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৪০ জন সদস্যকে ১৩,৪৬,০০০/- ঋণ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে উপকারভোগীগণের জীবন-মান উন্নত হচ্ছে।

**আলোচ্যসূচি-৬ : টিএমএসএস, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, টিএমএসএস কুড়িগ্রাম জোন কর্তৃক পরিচালিত ২০টি শাখায় মোট ০৮ ধরণের ঋণ কর্মসূচি পরিচালনা করছে। ডিসেম্বর ২০১৮ মাসে ১৩,২৮,৫৯,০০০/- (তের কোটি আটাশ লক্ষ উনষাট হাজার টাকা) টাকা ঋণ বিতরণ করে ৯,৮০,৪৪,৬১৮/- ( নয় কোটি আশি লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত আঠার টাকা) টাকা আদায় করা হয়েছে। ঋণ গ্রহণকারীর সংখ্যা ৩,৭০০ জন। সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচির অংশ হিসেবে সংস্থা কর্তৃক পরিচালিত প্রতিটি গ্রুপের সাপ্তাহিক সভায় এজেন্ডাভিত্তিতে সচেতনতামূলক বিভিন্ন বিষয় নিয়ে সদস্যদের মাঝে আলোচনা হয় এবং ইহা সারা মাসব্যাপী চলে। এছাড়াও সংস্থা প্রদত্ত উৎপাদন ও উন্নয়ন নামক একটি বহির বিভিন্ন বিষয়ে প্রতি সপ্তাহে সদস্যদের মাঝে আলোচনা হয়। চলতি মাসের আলোচিত এজেন্ডা ছিল ‘‘বাল্যবিবাহ প্রতিরোধ’’।

**আলোচ্যসূচি-৭ : ব্যুরো বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাঁদের সংস্থা কর্তৃক কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/ রাজারহাট/ উলিপুর/ চিলমারী/ নাগেশ্বরী শাখা’র মাধ্যমে উপকারভোগীদের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক পানি ও পয়ঃনিষ্কাশন ঋণ ও পেশাজীবি ঋণ কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৮ : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাদের সংস্থার মাধ্যমে উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় ভূরুঙ্গামারী উপজেলার ৪টি ইউনিয়নের ৭টি স্কুলের ৩০ জন করে মোট ২১০ জন উপকারভোগী ও প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় ভূরুঙ্গামারী উপজেলার ৫টি ইউনিয়নের ১৬টি স্কুলের ২৮ জন করে মোট ৪৪৮ জন ছাত্র/ছাত্রী লেখাপড়া করছে।

আলোচ্যসূচি-৯ : **কেডিএবি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, কেডিএবি কর্তৃক চিলমারী উপজেলায় ১টি প্রাথমিক ও ১টি মাধ্যমিক বিদ্যালয় দেশি-বিদেশি শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল এর (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। কুষ্ঠরোগী পরিবারের অবহেলিত সন্তানদের মাঝে স্টাইপেন্ড প্রদান করা হচ্ছে এবং কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদের গার্মেন্টস প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সংস্থার মেডিকেল বিভাগ কর্তৃক সর্বসাধারণের মাঝে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১০ : **কিরারা নো কাই , কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ম্যানেজার, কিরারা নো কাই, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় ২০১৭-২০১৮ চক্রে রামখানা, রায়গঞ্জ, সন্তোষপুর, নেওয়াশী, বামনডাঙ্গা, হাসনাবাদ, ভিতরবন্দ, কেদার, কচাকাটা, বল্লভেরখাসসহ মোট ১০টি ইউনিয়নে ২,৪০০ জন ভিজিডি উপকারভোগী সদস্যদের নিয়ে কাজ করছে। ভিজিডি সদস্যদের নিয়ে 'ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতার' উপর নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

আলোচ্যসূচি-১১ : **সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ডিসেম্বর ২০১৮ মাসে কিশোরী ক্লাব এর মাসিক সভা এবং কিশোরী ক্লাব এর সদস্যবৃন্দ ও তাদের অভিভাবকদের সাথে তথ্য অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচ্যসূচি-১২ : **টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাদের সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় 'মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্' প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৩ : **গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-১৪ : **উদ্দীপন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, বর্তমানে কুড়িগ্রামে ০১টি জেলা অফিস ও ১১টি শাখা অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ০১ জন পল্লী প্যারামেডিক ও ১৩ জন কমিউনিটি হেলথ্ প্রমোটর স্বাস্থ্য সেবার কাজ করছে। এমবিবিএস ডাক্তারদের তত্ত্বাবধানে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে ১০ টাকা সেবামূল্য নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হয়। প্রাইম কর্মসূচির আওতায় সদস্যদের হাঁস-মুরগী পালন, গরু মোটাতাজাকরণ, সবজী চাষ, বাঁশ ও বেত, কেঁচো সার তৈরী, ম্যাট তৈরীসহ প্রভৃতি বিষয়ের উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচি-১৫ : **সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, টিআইবি'র অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি, কুড়িগ্রাম স্থানীয় পর্যায়ে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করছে। এ লক্ষ্যকে সামনে রেখে সচেতন নাগরিক কমিটি কর্তৃক ডিসেম্বর ২০১৮ মাসের নিয়মিত সনাক, সুজন ও ইয়েস সভা আয়োজন করা হয়েছে। ''দুর্নীতির বিরুদ্ধে একসাথে'' এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসন, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম ও দুর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে ০৯ ডিসেম্বর বিভিন্ন কর্মসূচির মাধ্যমে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপন করা হয়। কর্মসূচির মধ্যে ছিল মানববন্ধন ও আলোচনাসভা।

আলোচ্যসূচি-১৬ : **ফ্রেন্ডশীপ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। অত্র সংস্থার মাধ্যমে চরাঞ্চলের ০১দিন থেকে ১৮ মাস বয়সী সকল শিশুদের ইপিআই কার্যক্রমের আওতায় আনা হয়েছে। ১২০টি ইপিআই সেশনে ২,১২৩ জন শিশু ও ১,০০১ জন নারীকে সেবা প্রদান করা হয়েছে। ভাসমান হাসপাতালের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। বর্তমানে হাসপাতালটি গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার চর কাপাসিয়ায় অবস্থান করছে। ডিসেম্বর ২০১৮ মাসে ৬,৪৯৩ জন নারী-পুরুষকে সেবা প্রদান করেছে। সংস্থার সকল বাস্তবায়নাধীন প্রকল্পগুলোতে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় গণ্যমান্য, সুশীল সমাজ ও ইউনিয়ন পরিষদ নের্তৃবৃন্দের অংশগ্রহণ ও সহযোগিতায় কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে।

আলোচ্যসূচি-১৭ : **এএফএডি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, সিডিডি এর অর্থায়নে শ্রবণ দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫টি ইউনিয়নে থেরাপী সেবা এবং Strengthening Capacity and Networking of NSAs and Las on Disability (SCANED) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে।

আলোচ্যসূচি-১৮ : **ব্র্যাক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ব্র্যাক কুড়িগ্রামের জেলা প্রতিনিধি সভায় অবহিত করেন যে, মা ও শিশু পরিচর্চা কর্মসূচি, শিক্ষা কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি, কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচি ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় ঋণ প্রদান অব্যাহত রয়েছে। কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় জমি তৈরি, সার ও বীজ ক্রয়, সেচ ও কীটনাশক এবং ফসল সংগ্রহবাবদ অত্র জেলায় প্রান্তিক চাষীদের মাঝে সংস্থা কর্তৃক অনুদান প্রদান করা হয়েছে। বিভিন্ন উপজেলায় শীতবস্ত্র বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।

আলোচ্যসূচি-১৯ : **ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার আওতাধীন ওয়াল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল) কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ৬টি ইউনিয়নে (নারায়নপুর, নুনখাওয়া, কালিগঞ্জ, বামনডাঙ্গা, কচাকাটা ও বল্লভেরখাস ইউনিয়ন) স্বাস্থ্যকেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রকল্পের কাজ জানুয়ারি ২০১৭ মাস হতে সম্পাদন করে আসছে। বিভিন্ন দুর্যোগকালীন বিপন্ন জনগোষ্ঠী বিশেষ করে গর্ভবতী মা ও শিশু, বৃদ্ধ-বৃদ্ধা, প্রতিবন্ধী, মহিলা ও মেয়েদের বিভিন্ন রোগ ও স্বাস্থ্য সমস্যা দূরীকরণের জন্য কাজ করে থাকে।

আলোচ্যসূচি-২০ : **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাঁর সংস্থা কর্তৃক '' টেকিং সাকসেসফুল ইনোভেশন টু স্কেল-পাথোয়েস ফর ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন আউট অফ পোভার্টি প্রজেক্ট'' প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভা এবং উলিপুর উপজেলার ০৫টি ইউনিয়ন ও পৌরসভার উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে, প্রতিবন্ধী ব্যক্তিরা কাজের ক্ষেত্রে স্বয়ংক্রিয়তা অর্জন করবেন এবং সমাজের বিভিন্ন সুযোগ-সুবিধায় ও কাজে তাদের অন্তর্ভুক্তি বাড়ানো।

আলোচ্যসূচি-২১ : **আশা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাঁর সংস্থা কর্তৃক কুড়িগ্রাম জেলায় ০৯টি উপজেলার ৪৬টি ব্রাঞ্চের মাধ্যমে কর্মকান্ড পরিচালিত হয়। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা সহায়তা প্রদান করা হয় এবং গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী/আশার সদস্যদের সন্তান/মুক্তিযোদ্ধার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ একই পরিবারের একাধিক শিক্ষার্থী থাকলে সর্বোচ্চ ১০০% বিনা খরচে আশা ইউনিভার্সিটিতে লেখাপড়া করার সুযোগ দেয়া হয়ে থাকে। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসাবাবদ প্রতি বছর ৬ লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরন কর্মসূচির অংশ হিসেবে কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী ও পাঁচগাছি ইউনিয়ন, উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও বজরা ইউনিয়নে, ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী ইউনিয়নে, নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়ন এবং ভূরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়নের ১৬৫টি শিক্ষা কেন্দ্রে ৫,২৮০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২২ : **মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপেনডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হততদরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে ডিসেম্বর ২০১৮ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

আলোচ্যসূচি-২৩ : **কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ডিসেম্বর ২০১৮ মাসে ভূরুঙ্গামারী উপজেলার সকল ইউনিয়নে ও নাগেশ্বরী উপজেলার ০১টি ইউনিয়নে সকল প্রতিবন্ধী, অসহায় এবং অস্বচ্ছল রোগীদের হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল সংস্থা কর্তৃক প্রদেয় সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। সংস্থা কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম ও বাল্যবিবাহ প্রতিরোধ ও বিনামূল্যে চিকিৎসা সেবা কার্যক্রম চলমান রয়েছে।

আলোচ্যসূচি-২৪ : **ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২৫ : **উদয়, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : উদয়, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২৬ : **কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩ টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর, কুড়িগ্রামে ডিসেম্বর ২০১৮ মাসে ৫,২০২ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ৩২৩জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/ দরিদ্র/ নিম্নমধ্যবিত্ত ২২৬ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার ডিসেম্বর ২০১৮ মাসে কুড়িগ্রাম জেলায় ৩০ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ১১৩জন গর্ভবতী মায়ের চেক আপ, মোট প্রসব ১৮৩ এবং ১৭৯জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৭ : **ঠিকানা সংস্থা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ঠিকানা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২৮ : **প্রশিকা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রশিকা, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-২৯ : **সলিডারিটি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ, এস.এফ. এফ. সি. পি প্রকল্পের আওতায় ব্রেড ফর দা ওয়ার্ল্ডের সহায়তায় ৪৮টি মহিলা সংস্থায় বাল্য বিবাহ নিরোধ, খাদ্য নিরাপত্তা, বসতবাড়ীতে সবজিচাষ, ফুলের চাষ, আধুনিক ফসল চাষাবাদ, বিভিন্ন বিষয়ে ৯৬টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ২৫০ জন উপকারভোগীর খাদ্যনিরাপত্তা, বসত বাড়ীতে সবজি চাষ ও আধুনিক পদ্ধতিতে বীজ সংরক্ষণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চিলমারী উপজেলার মৌলিক সাক্ষরতা প্রকল্পের আওতায় ৩০০টি শিক্ষা কেন্দ্র স্থাপনের কাজ চলছে। কেয়ার বাংলাদেশের আর্থিক সহায়তায় সলিডারিটি কর্তৃক রাজারহাট ও ফুলবাড়ী উপজেলার ১০টি ইউনিয়নে উপকারভোগীর উৎপাদন বৃদ্ধি, বাজারের চাহিদা অনুযায়ী বাজারজাতকরণ এবং সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে এলপিএস, এসসিএ এবং প্রোডাকশন গ্রুপের দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচি- ৩০ : **প্ল্যান ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্ল্যান ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, বাল্যবিবাহ প্রতিরোধে বিল্ডিং বেটার ফিউচার ফর গালর্স (বিবিএফিজি) প্রকল্পটি গত ২০১৭ সালে কুড়িগ্রাম জেলায় একটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য কাজ শুরু করে। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে, ১৫ বছরের নিচের বাল্যবিবাহের হার শূণ্যে নামিয়ে আনা এবং ১৮ বছরের নিচের বাল্যবিবাহের হার এক-তৃতীয়াংশে নামিয়ে আনা। প্রকল্পটির মাধ্যমে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর উপর প্রশিক্ষণ প্রদান, স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থীদের সচেতন করা, স্থানীয় যুবসংগঠন তৈরি ও তাদের কাজে লাগানো, সমাজের সকলকে সচেতন করার লক্ষ্যে নানাবিধ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রকল্পের কার্যক্রমের পাশাপাশি আইনের ৪নং ধারায় বাল্যবিবাহ বন্ধে সরকারি কর্মকর্তা এবং স্থানীয় সরকারের প্রতিনিধিদের যে ক্ষমতা দেয়া হয়েছে, সে অনুযায়ী নিজ নিজ দায়িত্ব পালন করার মাধ্যমে কুড়িগ্রাম জেলায় বাল্যবিবাহ বন্ধে গৃহীত কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়।

আলোচ্যসূচি-৩১ : **টেরে ডেস্ হোমস্ ইতালী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় ১টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১টিসহ মোট ২টি প্রাথমিক বিদ্যালয়ে ৩১৪ জন ছেলে এবং ৩৬৯ জন মেয়েসহ মোট ৬৮৩ জনকে শিক্ষা সহায়তা উপকরণ যেমন-বই, সাদা কাগজ, রেজিস্টার, কলম, সকল ধরণের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে ।

আলোচ্যসূচি-৩২ : **সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, ডিসেম্বর ২০১৮ মাসে সেবাগ্রহীতার মাঝে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমসহ বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৩ : **সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-১৮ চক্রে চুক্তিবদ্ধ সংস্থা হিসেবে ''সন্ধান'' কর্তৃক উলিপুর উপজেলার ০৯ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে।

আলোচ্যসূচি-৩৪ : **এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রোগ্রাম অফিসার, এসিডি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম পৌরসভায় ''সাপোর্ট ফর ইন্সটিটিউশনালাইজেশন অব ইনফোর্সমেন্ট অব টোবাকো কন্ট্রোল ল ইন রাজশাহী'' প্রকল্পের আওতায় কার্যক্রম পরিচালনা করছে। জেলায় পরোক্ষ ধূমপানের হাত থেকে অধূমপায়ীদের রক্ষা এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের জন্য সরকারের টাস্কফোর্স কমিটি, সরকার ও পাবলিক প্লেস ও পাবলিক পরিবহন কর্তৃপক্ষের সাথে এডভোকেসি সভা আয়োজন অব্যাহত রয়েছে।

আলোচ্যসূচি-৩৫ : **তৃণমূল নারী ফাউন্ডেশন কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩৬ : **দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। ডিসেম্বর ২০১৮ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ০২ জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ৩৩ জন এবং গত মাসে ১টি প্রচারণা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠীকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৩৭ : **গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের** কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩৮ : **বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৩৯ : **গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গণ উন্নয়ন কেন্দ্র একটি বেসরকারি উন্নয়ন সংস্থা যা অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মানের উন্নয়নের জন্য ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। বর্তমানে উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জেলা- গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, বগুড়া, জয়পুরহাট জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। দারিদ্র্য ও দুর্যোগপ্রবণ এলাকার মানুষের উন্নয়নের লক্ষ্যে সংস্থা বিভিন্ন কর্মসূচি যেমন-তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিত করা, নেতৃত্ব বিকাশ, সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দুর্যোগ ব্যবস্থাপনা, আয়মূলক কার্যক্রম, প্রতিবন্ধীদের উন্নয়ন, শিশু সুরক্ষা ও জনসচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। বর্তমানে সংস্থাটি এ জেলার কুড়িগ্রাম সদর ও রাজারহাট উপজেলায় ঋণ বিতরণ কর্মসূচি পরিচালনা করছে।

আলোচ্যসূচি-৪০ : **এসকেএস ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পের্কে আলোচনা।**

আলোচনা : এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৪১ : **মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা।**

আলোচনা : মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় সংস্থার বিস্তারিত কার্যক্রম সম্পর্কে অবহিত করে বলেন, SHOUHARDO-3, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, ELNHA, CGBV, HUNGER প্রকল্পসমূহ বাস্তবায়ন করে আসছে। SHOUHARDO-3 প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন দুর্যোগ ভলান্টিয়ারদের রিফ্রেসার্স ট্রেইনিং ০৩টি, ইউডিভিদের ত্রৈমাসিক লার্নিং শেয়ারিং মিটিং ৪৪টি এবং সিইভি ত্রৈমাসিক লার্নিং শেয়ারিং মিটিং ১২টি সম্পাদন করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৪২ : **ইসলামিক রিলিফ বাংলাদেশ, উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-৪৩ : **সুশীলন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : সুশীলন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক ইনকাম সাপোর্ট প্রোগ্রাম ফর দ্যা পুওরেষ্ট (আইএসপিপি)- যত্ন প্রকল্প এ জেলায় বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। চলতি জানুয়ারি ২০১৯ মাসে ১৩-০১-২০১৯ ও ১৪-০১-২০১৯ তারিখের ভূরুঙ্গামারী উপজেলায় ভূরুঙ্গামারী ইউনিয়নে বিকল্প উৎস (ইউনিয়ন পরিষদ) হতে সংগ্রহকৃত ডাটা যাচাই-বাছাই এর জন্য জনাব মনিরুল ইসলাম, উপপ্রকল্প পরিচালক এর নেতৃত্বে ২,৯৯৬ টি খানার মধ্যে ২,০৬৭টি খানা পরিদর্শন করা হয়। যার মধ্যে ১৪৭টি খানা এ প্রকল্পের অনুপযুক্ত মর্মে প্রতীয়মান হওয়ায় তাদের নাম তালিকা থেকে বাদ দেয়া হয়েছে। এ প্রকল্প সুষ্ঠু ও সফল বাস্তবায়নের জন্য সংস্থার প্রতিনিধি জেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন।

আলোচ্যসূচি-৪৪ : **গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৪৫ : **সোসাইটি ফর সোস্যাল সার্ভিস, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

সোসাইটি ফর সোস্যাল সার্ভিস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৪৬ : **সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৪৭ : **লোকাল আইডিয়া ফর এম পাওয়ারমেন্ট (লাইফ) কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

লোকাল আইডিয়া ফর এম পাওয়ারমেন্ট (লাইফ) কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক স্বেচ্ছাসেবা মূলক কার্যক্রম ও বাল্যবিবাহ প্রতিরোধ, সেলাই প্রশিক্ষণসহ সচেতনামূলক প্রশিক্ষণ ও বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান কার্যক্রম পরিচালনা করে আসছে। ১লা জানুয়ারি ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল হিউম্যানেটি ইনক্লুসিভ কর্তৃক সহযোগি সংস্থা হিসেবে চিলমারী ও ফুলবারী উপজেলার সকল ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের সচেতনতামূলক প্রশিক্ষণ, চিকিৎসাসেবাসহ উপকরণ বিতরণ করা হচ্ছে। উপস্থিত প্রতিনিধি তাঁদের সংস্থাকে কুড়িগ্রাম এনজিও পোর্টালে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। সেই সাথে পোর্টাল পরিচালনার নিমিত্ত বাৎসরিক আর্থিক ফি প্রদান করার জন্য আগ্রহ প্রকাশ করেন।

আলোচ্যসূচি-৪৮ : **বিবিধঃ**

(১) সভাপতি কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম কর্তৃক অদ্যকার সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের সংস্থার কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য ধন্যবাদ জানান। তাদের কার্যক্রমের উপর উপস্থাপিত প্রেজেন্টেশন সকলের নিকট প্রশংসিত হয়।

(২) আগামী সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মতিক্রমে গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

(৩) সভাপতি বলেন, এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে Overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

(৪) সংস্থার ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করা এবং সকল সংস্থাকে তাদের স্বীয় কার্যক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও সভার কার্যবিবরণী সংগ্রহ এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালে (www.kurigramngos.org.bd) নিজ ওয়েব পেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করার জন্য অনুরোধ জানান।

(৫) সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার উপর গুরুত্বারোপ করা হয়। এ জেলায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ভিক্ষুকমুক্ত জেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে কাজ করার জন্য আহবান জানানো হয়। এক্ষেত্রে সকল সংস্থার কর্মকর্তা ও কর্মচারীকে ০১ দিনের মূল বেতনের সম-পরিমাণ অর্থ আগামী সভার পূর্বেই 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি' নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে জমা করার জন্য অনুরোধ জানান।

(৬) সভাপতি বলেন, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় ও দুর্যোগ পরবর্তী সময়ে সরকারি বিভাগের পাশাপাশি বে-সরকারি সংস্থা (এনজিও)সমূহ পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করে থাকেন। তাই দুর্যোগকালীন ত্রাণ বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ করাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানান ।

(৭) সভাপতি কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত এনজিও পোর্টালে অন্তর্ভুক্ত এনজিওসমূহের একাউন্ট নবায়ন ও সংস্থার হালনাগাদ তথ্য আপলোড করার জন্য অনুরোধ জানান। তিনি যে সকল এনজিও/সংস্থা কর্তৃক নির্ধারিত বার্ষিক ফি দাখিল হয় নাই সে বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট এনজিও/সংস্থাকে বকেয়াসহ ২০১৯ সালের জন্য নির্ধারিত বাৎসরিক ফি'র টাকা জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

(৮) সভাপতি জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় দীর্ঘদিন যাবৎ অনুপস্থিত এনজিও/সংস্থাকে কুড়িগ্রাম এনজিও পোর্টাল হতে বাদ দিয়ে নতুন এনজিও/সংস্থাকে পোর্টালে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় জানানো হয় যে, ''চেতনা বুড়াবুড়ি দুর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা'' নামীয় সংস্থাটির কোন প্রতিনিধি দীর্ঘদিন ধরে সভায় অনুপস্থিত রয়েছেন। সংস্থাটি গত ২০১৬-২০১৮ পর্যন্ত এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি প্রদান থেকেও উক্ত সংস্থাটি বিরত রয়েছে। ইতোমধ্যে পত্র মারফৎ পোর্টালের ফি জমা দেয়ার জন্য বলা হলেও, উক্ত সংস্থা থেকে কোন যোগাযোগ রক্ষা করা হয়নি। তাই উক্ত সংস্থাকে বাদ দিয়ে ''লোকাল আইডিয়া ফর এম পাওয়ারমেন্ট'' (লাইফ), কুড়িগ্রামকে ২০১৯ সাল হতে কুড়িগ্রাম এনজিও পোর্টালে অন্তর্ভুক্ত করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। তবে এনজিও বিষয়ক ব্যুরোর রেজিস্ট্রেশন থাকা বাঞ্ছনীয় মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে উপস্থিত এনজিও প্রতিনিধিগণ সর্বসম্মতিক্রমে একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এনজিও পোর্টালের আপলোড করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৪ | এনজিও সমূহের কার্যক্রম মনিটরিং এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম |
| ৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি ৮০০/- টাকা সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষকে বিনা ব্যর্থতায় পরবর্তী সভার পূর্বেই সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪-এ জমাপূর্বক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টাল হতে ''চেতনা বুড়াবুড়ি দুর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা'' নামীয় সংস্থাকে বাদ ''লোকাল আইডিয়া ফর এম পাওয়ারমেন্ট'' (লাইফ), কুড়িগ্রামকে এনজিও বিষয়ক ব্যুরোর রেজিস্ট্রেশন সাপেক্ষে ২০১৯ সাল হতে কুড়িগ্রাম এনজিও পোর্টালে অন্তর্ভুক্ত করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৭ | আগামী গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করবেন। | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম |
| ৮ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ৯ | এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে OVERELAPPING না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১০ | জেলায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ভিক্ষুকমুক্ত জেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে সকল সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের ০১ দিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ আগামী সভার পূর্বেই ''ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি'' নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে জমাপূর্বক জমাকৃত টাকার তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ১১ | সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। কৃষিবান্ধব কর্মসূচি, মৎস্য ও পশু পালন, ফুলচাষ, খাঁচায় মাছ চাষ করার লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ছাড়া মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১২ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। দুর্যোগকালীন ত্রাণ বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ কার্যক্রমসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবাসমূহ দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৮.১৮-১১৬

তারিখঃ ১৮ মাঘ ১৪২৫ / ৩১ জানুয়ারি ২০১৯

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার..................... (সকল), কুড়িগ্রাম।
০৪। ..........................................................................................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।